**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
সভাপতি, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি
ও
অতিরিক্ত জেলা ও দায়রা জজ ২য় আদালত
এর কার্যালয়, চাঁদপুর।

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং - ১৯৫০

তারিখ ঃ ০৭ আগস্ট ২০২৪ খ্রিঃ
২৩ শ্রাবণ ১৪৩১ বঃ

চাঁদপুর জেলা ও দায়রা জজ আদালতের অধীন বিভিন্ন আদালত ও দপ্তরে নিম্নবর্ণিত শূন্যপদে সরাসরি নিয়োগের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে উল্লেখিত পদের বিপরীতে যোগ্যতাসম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০১ | স্টেনোগ্রাফার | ০১ | ১১০০০-২৬৫৯০/- | ক) স্নাতক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) সাঁটলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজীতে ১০০ এবং বাংলায় ৮০ শব্দ।<br>গ) কম্পিউটার টাইপে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজীতে ৩৫ শব্দ এবং বাংলায় ৩০ শব্দ।<br>ঘ) সরকার অনুমোদিত প্রতিষ্ঠান থেকে সাঁটলিপি এবং কম্পিউটার কোর্সের সনদপত্র প্রাপ্ত। |
| ০২ | স্টেনো-টাইপিস্ট | ০৭ | ১০২০০-২৪৬৮০/- | ক) স্নাতক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) সাঁটলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজীতে ৭০ শব্দ এবং বাংলায় ৪৫ শব্দ।<br>গ) কম্পিউটার টাইপে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজীতে ৩০ শব্দ এবং বাংলায় ২৫ শব্দ।<br>ঘ) সরকার অনুমোদিত প্রতিষ্ঠান থেকে সাঁটলিপি এবং কম্পিউটার কোর্সের সনদপত্র প্রাপ্ত। |
| ০৩ | অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর | ১০ | ৯৩০০-২২৪৯০/- | ক) এইচ.এস.সি. বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) কম্পিউটার টাইপে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজীতে ৩০ শব্দ এবং বাংলায় ২০ শব্দ।<br>গ) সরকার অনুমোদিত প্রতিষ্ঠান থেকে কম্পিউটার কোর্সের সনদপত্র প্রাপ্ত। |
| ০৪ | লাইব্রেরী সহকারী | ০১ | ৯৩০০-২২৪৯০/- | এইচ.এস.সি. বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৫ | জারীকারক | ০৪ | ৮৫০০-২০৫৭০/- | এস.এস.সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৬ | অফিস সহায়ক | ০৭ | ৮২৫০-২০০১০/- | এস.এস.সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

শর্তাবলীঃ

১। প্রার্থীকে সভাপতি, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি, জেলা জজ আদালত, চাঁদপুর ও অতিরিক্ত জেলা ও দায়রা জজ, ২য় আদালত, চাঁদপুর বরাবরে স্বহস্তে লিখিত আবেদনপত্রে (ক) প্রার্থীর নাম (খ) পিতার নাম (গ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) নিজ জেলা (ছ) জন্ম তারিখ (জ) ২৯/০৮/২০২৪ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স (ঝ) জাতীয়তা (ঞ) জাতীয় পরিচয়পত্র নম্বর (ট) ধর্ম (ঠ) শিক্ষাতগত যোগ্যতা (ড) অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখ করতে হবে।

২। আবেদনপত্র আগামী ২৯/০৮/২০২৪ খ্রিঃ তারিখ বিকাল ০৫:০০ ঘটিকার মধ্যে অফিস চলাকালীন সময়ে রেজিষ্ট্রি ডাকযোগে অথবা ব্যক্তিগতভাবে সভাপতি, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি, জেলা জজ আদালত, চাঁদপুর ও

অতিরিক্ত জেলা ও দায়রা জজ, ২য় আদালত, চাঁদপুর বরাবরে পৌঁছাতে হবে। উক্ত তারিখ ও সময়ের পর কোনো আবেদন গ্রহণ করা হবেনা।

৩। ২৯/০৮/২০২৪ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বৎসর হতে হবে। বয়সের ক্ষেত্রে কোনো হলফনামা গ্রহনযোগ্য হবেনা।

৪। আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে ঃ

ক. প্রথম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতার সনদের অনুলিপি।

খ. প্রথম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সাঁটলিপি/কম্পিউটার কোর্সের সনদপত্রের অনুলিপি।

গ. প্রথম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ৩ কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি।

ঘ. প্রথম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

ঙ. স্থানীয় সিটিকর্পোরেশন বা পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত অনুলিপি।

চ. প্রথম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত জাতীয় পরিচয়পত্র/ জন্মনিবন্ধন সনদপত্রের সত্যায়িত অনুলিপি।

ছ. প্রার্থীর সঠিক নাম ঠিকানাসহ ২০/ (বিশ) টাকার অব্যবহৃত ডাকটিকিট সম্বলিত ৯.৫x৪.৫ ইঞ্চি মাপের একটি ফেরত খাম।

জ. A4 সাইজের ৮০ গ্রাম অফসেট সাদা কাগজ ২০ (বিশ) টি।

ঝ. পরীক্ষার ফি বাবদ ১ ও ২নং পদের জন্য ২০০/- (দুইশত) টাকা এবং ৩-৬নং পদের জন্য ১০০/- (একশত) টাকা বাংলাদেশ/সোনালী ব্যাংক লিমিটেড-এ ট্রেজারি চালানের মাধ্যমে ১-২১৪১-০০০০-২০৩১ নম্বর কোডে জমা প্রদান করতঃ চালানের মূল কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে ।

৫। চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৬। ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গন্য হবে।

৭। প্রার্থীদের লিখিত পরীক্ষার তারিখ, সময় ও স্থান প্রবেশপত্রের মাধ্যমে জানানো হবে।

৮। মৌখিক পরীক্ষায় অংশগ্রহনের সময় প্রার্থীকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সকল সনদের মূলকপি প্রদর্শন করতে হবে।

৯। পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবেনা।

১০। খামের উপরে অবশ্যই পদের নাম ও নিজ জেলা স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে।

১১। বিজ্ঞাপিত পদের সংখ্যা প্রয়োজনে কম/বেশী করার এবং এই বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ন বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১২। প্রচলিত নিয়োগবিধি/কোটা সংক্রান্ত সরকার এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট এর বিধি/আদেশ ও আনুষ্ঠানিকতা যাথাযথভাবে অনুসরণ করা হবে।

১৩। ছবি ও প্রয়োজনীয় কাগজপত্র সত্যায়নের ক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তার নামসহ সীল ব্যবহৃত হতে হবে।

১৪। নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গন্য হবে।

ভিজিট করুন- https://chandpur.judiciary.gov.bd/en/notice-more

স্বা/
(মোঃ সাহেদুল করিম)
সভাপতি
নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি,
জেলা জজ আদালত, চাঁদপুর
ও
অতিরিক্ত জেলা ও দায়রা জজ
চাঁদপুর।